Department of Education

চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: A-670
বিষয়: স্কুল ট্রিপসমূহ
শ্রেণীবিভাগ: শিক্ষার্থী
ইস্যুর তারিখ: 21 সেপ্টেম্বর, 2018

পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান 18 অগাস্ট, 2011 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-670-এর স্থলাভিষিক্ত হয়।

প্রবিধানটি শিক্ষার্থীদের জন্য স্কুল ব্যবস্থার সকল পর্যায়ে শিক্ষার্থীদের স্কুল ট্রিপ নিয়ন্ত্রণকারী প্রক্রিয়ার নিয়ম ও পদ্ধতি স্থির করে। এটা শিক্ষার্থীদের জন্য ফিল্ড ট্রিপ পরিকল্পনা ও বাস্তবায়নের রূপরেখা প্রদান করে এবং সুপারিনটেনডেন্ট, প্রিন্সিপ্যাল ও স্কুল কর্মীদের দায়দায়িত্বের সীমারেখা নির্ধারণ করে। এটি জরুরি পরিস্থিতি মোকাবেলার জন্য স্কুলকর্মী ও অন্যান্য প্রাপ্তবয়স্ক এবং শিক্ষার্থীদের অনুপাত স্পষ্টভাবে প্রতিষ্ঠা করে।

পরিবর্তনসমূহ:

- কোনো আন্তর্জাতিক ট্রিপ অনুমোদনের আগে সুপারিনটেনডেন্টকে যে ব্যক্তির সাথে অবশ্যই আলোচনা করতে হবে, সেটা "ডেপুটি সিনিয়র সুপারভাইজিং সুপারিনটেনডেন্ট" থেকে পরিবর্তন করে "চ্যান্সেলর বা চ্যান্সেলর নিযুক্ত ব্যক্তি" করা হয়েছে। (সেকশন II (A)(2); ট্রিপ পরিকল্পনা)।

T&I 31978 (Bangla/Bengali) Chancellor Regulation A-670

Department of Education

চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: A-670
বিষয়: স্কুল ট্রিপসমূহ
শ্রেণীবিভাগ: শিক্ষার্থী
ইস্যুর তারিখ: 21 সেপ্টেম্বর, 2018

সারসংক্ষেপ

এ প্রবিধান স্কুল ট্রিপ নিয়ন্ত্রণকারী বিধি, প্রবিধান ও প্রক্রিয়া নির্ধারণ করে। এটি 26 নভেম্বর, 2008 তারিখে ইস্যুকৃত A-670 প্রবিধানের স্থলাভিষিক্ত হয়। গন্তব্য বা যাতায়াতের মাধ্যম যাই হোক না কেন স্কুল এলাকার বাহিরে যেকোনো অনুমোদিত ফিল্ড ট্রিপকে একটি স্কুল ট্রিপ হিসেবে সংজ্ঞায়িত করা হয়। সকল বিল্ডিং প্রশাসক এবং কর্মীদের এই প্রবিধান সম্পর্কে জানা উচিত যাতে তারা নিশ্চিত হতে পারেন যে শিক্ষার্থী, পিতামাতা ও স্টাফদের জন্য স্কুল ট্রিপগুলো ফলপ্রসূ, উপভোগ্য এবং নিরাপদ হয়।

I. উদ্দেশ্য

A. স্কুল ট্রিপগুলো শিক্ষার্থীদের পর্যবেক্ষণ, অনুসন্ধান, উদ্ভাবনা এবং হাতে-কলমে অভিজ্ঞতা লাভের সুযোগ দেয়। স্কুলগুলো স্কুলের সময়ের আগে, চলাকালে অথবা ছুটির পর ট্রিপ আয়োজন করতে পারে।

B. সকল স্কুল ট্রিপের পাঠ্যক্রম বা শেখার পরিবেশের সম্প্রসারণ হিসেবে একটি শিক্ষাগত অথবা যথাযথ উদযাপনমূলক অভিনিবেশ ও দৃষ্টিভঙ্গি থাকতে হবে।

C. সকল স্কুল ট্রিপের জন্য, সকল অংশগ্রহণকারীর নিরাপত্তার জন্য যথাযথ সাবধানতা অবলম্বন করা হয়েছে, সেটা নিশ্চিত করার জন্য প্রিন্সিপ্যালগণ দায়বদ্ধ থাকবেন।

D. এই প্রবিধান ডিপার্টমেন্ট অভ এডুকেশন (তথা DOE)-এর স্পন্সর করা ট্রিপের ক্ষেত্রে প্রযোজ্য হবে, যেগুলোর প্রাথমিক তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ DOE গ্রহণ করে।[1]

E. যেসব ক্ষেত্রে এসব ট্রিপ কোনো প্যারেন্টস্ অ্যাসোসিয়েশন/PTA বা স্কুলের সাথে সম্বন্ধযুক্ত কোনো বাহ্যিক গ্রুপ স্পন্সর করবে, তখন ঐ ট্রিপটি DOE ট্রিপ কিনা (যেক্ষেত্রে এই প্রবিধানে উল্লেখিত বাধ্যবাধকতা প্রযোজ্য হবে) অথবা সেটা স্বাধীনভাবে পরিচালিত ট্রিপ কিনা, সেটা নিশ্চিত হওয়ার

[1] প্রবিধান ও সংযুক্ত সম্মতিপত্র সেসব ক্ষেত্রে প্রযোজ্য হবে না, যেসব ক্ষেত্রে স্কুলের বাইরে নিয়মিত কোর্সওয়ার্ক এবং/অথবা শরীরচর্চা শিক্ষা প্রদান করা হয়। এসব ক্ষেত্রে স্কুলগুলোকে অবশ্যই পিতামাতাদের কাছে যথাযথ বিজ্ঞপ্তি প্রদান করতে ও যথাযথ তত্ত্বাবধান ও সাবধানতা অবলম্বন করতে হবে। এ প্রবিধান স্টুডেন্ট এক্সচেঞ্জ ও হোমস্টে প্রোগ্রাম অন্তর্ভুক্ত করে না। এ ধরনের প্রোগ্রামের জন্য প্রয়োজন সুপারিনটেন্ট-এর লিখিত সম্মতিপত্র। এ ধরনের প্রোগ্রামের জন্য সুপারিনটেনডেন্ট ও অফিস অভ লিগ্যাল সার্ভেসেস-এর সাথে আলোচনার মাধ্যমে যথাযথ সম্মতিপত্রের ফর্ম ও ট্রিপের কাগজপত্র অবশ্যই প্রস্তুত করতে হবে।

জন্য আপনাকে অবশ্যই আপনার ফিল্ড সাপোর্ট সেন্টার-এর (অপারেশন্স ম্যানেজার) ফিল্ড সাপোর্ট সেন্টার ম্যানেজার অভ অপারেশন্যাল সাপোর্ট এবং/অথবা সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে আলোচনা করতে হবে।

F. কোনো ট্রিপ যখন স্বাধীনভাবে পরিচালিত বলে নির্ণীত হয়, পিতামাতাকে অবশ্যই এই মর্মে সুস্পষ্টভাবে জানাতে হবে যে, এটি DOE স্পন্সরকৃত কোনো ট্রিপ নয় এবং ট্রিপের সংশ্লিষ্ট সকল কাগজপত্রে তা অবশ্যই উল্লেখ থাকতে হবে।

G. বাহ্যিক কোনো সংগঠন পূর্ণাঙ্গ বা আংশিক মূল্য পরিশোধ করবে এমন কোনো ট্রিপ পরিকল্পনাকালে ভ্রমণ ব্যয় সংক্রান্ত স্বার্থের দ্বন্দ্ব বিষয়ক নীতির সাথে সামঞ্জস্যবিধানের জন্য চ্যান্সেলরের প্রবিধান C-110 দেখুন। এ বিষয়ে কোন প্রশ্ন থাকলে তা DOE-এর এথিক্স অফিসারের কাছে পাঠাতে হবে।

II. পরিকল্পনা ও যাতায়াত সংক্রান্ত সকল বিষয়াদি (লজিস্টিকস্)

A. পরিকল্পনা

1. সকল স্কুল ট্রিপ প্রিন্সিপ্যাল দ্বারা অবশ্যই অগ্রীম অনুমোদিত হতে হবে। স্কুলের অন্তর্ভুক্ত কোন স্পেশাল প্রোগ্রাম (যেমন ক্লাব) দ্বারা আয়োজিত ট্রিপগুলোকে স্কুল ট্রিপ বলে বিবেচনা করা হয় এবং সেগুলোকে অবশ্যই প্রিন্সিপ্যাল দ্বারা অগ্রীম অনুমোদিত হতে হবে।

2. ইন্টারন্যাশন্যাল ট্রিপগুলোকেও অবশ্যই সংশ্লিষ্ট সুপারিনটেনেডন্ট দ্বারা অগ্রীম অনুমোদিত হতে হবে। কোনো ট্রিপ অনুমোদনের আগে সুপারিনটেনডেন্টকে ট্রিপে যে দেশ/দেশগুলোতে ভ্রমণ করা হবে, সেগুলোর জন্য কোনো ভ্রমণ সংক্রান্ত সতর্কতা বা পরামর্শ আছে কিনা, তা অবশ্যই জেনে নিতে হবে। (www.cdc.gov; www.travel.state.gov -দেখুন।) যদি ভ্রমণ সংক্রান্ত কোনো সতর্কতা বা পরামর্শ থাকে, তাহলে সুপারিনটেনেডন্টকে অবশ্যই ট্রিপ অনুমোদন করা যাবে কিনা, তা নিয়ে আগেই চ্যান্সেলর বা চ্যান্সেলর দ্বারা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির সাথে আলোচনা করতে হবে।

3. সকল ট্রিপের জন্য একটি ট্রিপ পরিকল্পনা অবশ্যই তৈরি করতে হবে এবং স্কুলের ফাইলে সংরক্ষণ করতে হবে। প্ল্যানে অবশ্যই দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, অংশগ্রহণকারী ক্লাসের শিক্ষার্থী, থাকার জায়গা, কর্মকাণ্ড, এবং যেসব স্থান পরিদর্শন করা হবে, অংশগ্রহণকারী সকল প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের নাম, যাত্রা শুরু ও সমাপ্তির বিস্তারিত বর্ণনা, যাতায়াত মাধ্যম ও পরিবহন সংস্থা, এবং ইন্সুরেন্সসহ সকল তথ্য (সংযুক্তি নং 1 দেখুন) অন্তর্ভুক্ত থাকতে হবে।

4. প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে, সংশ্লিষ্ট দেশে/দেশগুলোতে ইন্টারন্যাশন্যাল ট্রিপে অংশগ্রহণকারী সকল শিক্ষার্থী ও স্টাফ-এর ভ্রমণের ও যুক্তরাষ্ট্রে পুনরায় প্রবেশের জন্য প্রয়োজনীয় যথাযথ কাগজপত্র (যেমন পাসপোর্ট) আছে। এগুলো যুক্তরাষ্ট্রভিন্ন অন্যদেশের পাসপোর্টে ভ্রমণকারী শিক্ষার্থীদের জন্য বিশেষভাবে গুরুত্বপূর্ণ।

5. প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে, ইন্টারন্যাশন্যাল ট্রিপে শিক্ষার্থীদের সফরসঙ্গী স্টাফদের অন্তত একজনের কাছে ইন্টারন্যাশন্যাল সার্ভিসযুক্ত ফোন রয়েছে।

6. স্পেশাল এডুকেশন শিক্ষার্থীদের জন্য অবশ্যই তাদের চাহিদা অনুযায়ী উপযুক্ত যাতায়াত ও থাকার ব্যবস্থা করে দিতে হবে।

7. ট্রিপ পরিকল্পনাকালে জরুরি ডাক্তারি ও অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি মোকাবেলার কথা অন্তর্ভুক্ত করতে হবে। প্রাপ্তবয়স্ক তত্ত্বাবধায়ককে অবশ্যই ভ্রমণকালে ফার্স্ট এইড কিট, স্থানীয় জরুরি

পরিষেবা বা ইমার্জেন্সি সার্ভিসের ফোন নম্বর, এবং জরুরি অবস্থায় বাড়িতে যোগাযোগ করার নম্বর সাথে রাখতে হবে।

8. যখন একটি ট্রিপ পরিকল্পনা করা হবে, তবে আবাসন, পরিবহন, ইত্যাদির জন্য সরকারি অথবা স্কুলের জন্য ধার্য মূল্য পাওয়া যাবে কিনা, সেটা স্টাফকে অনুসন্ধান করতে হবে। ট্যাক্স এক্সেম্পট (খাজনা মওকুফ) স্ট্যাটাস সবসময়ই অনুরোধ করতে হবে, এবং সরবরাহকারীদের সাথে যোগাযোগের সময় এই মওকুফ বা এক্সেম্পশন যোগ করতে হবে।

9. এমন কোনো ট্রিপ যেটায় সাঁতার অন্তর্ভুক্ত আছে সেটার আগে, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে শিক্ষার্থীরা সাঁতারের জন্য অনুমোদিত স্থলে সবসময় লাইফগার্ড থাকবে তা অবশ্যই নিশ্চিত করতে হবে। কোনো লাইফগার্ড দায়িত্বরত না থাকলে কোনো সাঁতারের অনুমোদন দেয়া যাবে না।

10. উদযাপনমূলক ট্রিপ হলে ব্যয়নির্বাহের জন্য স্কুলগুলোকে অবশ্যই তহবিল সংগ্রহ করতে হবে।

B. ফি বা চাঁদা

প্রবেশমূল্য ও আবাসনের মত খরচের জন্য ফি বা চাঁদা মাত্রাতিরিক্ত হওয়া যাবেনা। কোনো শিক্ষার্থী আবশ্যক চাঁদা দিতে না পারার জন্য তাকে বাদ দেয়া যাবেনা। যেখানে প্রযোজ্য, স্কুল শিক্ষার্থীকে আর্থিক সহায়তা দিতে পারে, যেন সে অংশগ্রহণের সুযোগ পায়।

C. পিতামাতাদের অবহিতকরণ, সম্মতিপত্র ও প্রয়োজনীয় কাগজপত্র*

1. পিতামাতাদের অবশ্যই পরিকল্পিত ট্রিপের কথা আগেই লিখিতভাবে অবহিত করতে হবে, এবং প্রতিটি স্কুল ট্রিপের জন্য একটি পিতামাতার সম্মতি ফর্ম আবশ্যক। স্কুলগুলোকে অবশ্যই বর্ধিত অংশ হিসেবে সংযুক্তি নং 2, 3 এবং 4 নেয়া প্রযোজ্য ফর্মগুলো ব্যবহার করতে হবে। এই ফর্মগুলোর কোনো পরিবর্তন বা সংশোধন অবশ্যই অফিস অভ লিগ্যাল সার্ভিসেস-এর কাছ থেকে অগ্রীম অনুমোদন করিয়ে নিতে হবে।

2. আঠারো বছরের কম বয়সের কোনো শিক্ষার্থীকে স্কুল ট্রিপে অংশগ্রহণ করতে দেওয়া হবে না যদি না তার পিতামাতা, অভিভাবক, অথবা পিতামাতার সম্পর্কে আবদ্ধ ব্যক্তি স্বাক্ষরিত সম্মতি ফরমে শিক্ষার্থীকে অংশগ্রহণের অনুমতি প্রদান করেন (2 থেকে 4 নং সংযুক্তি দেখুন)। শিক্ষার্থীর বয়স আঠারো বছর বা বেশি হলে, কিংবা স্বনির্ভর নাবালক হলে নিজেই নিজের সম্মতি দিতে পারবে।

3. শিক্ষার্থীরা ট্রিপে যেসব কর্মকাণ্ডে নিযুক্ত হবে, সম্মতিপত্রে অবশ্যই সেসব কর্মকাণ্ডের (যেমন সাঁতার, অশ্বারোহণ, আইস স্কেটিং, শরীরচর্চার যন্ত্রপাতি ব্যবহার) অন্তর্নিহিত ঝুঁকি শনাক্ত করা থাকতে হবে এবং অবশ্যই সুনির্দিষ্টভাবে সেসব কর্মকাণ্ডে অংশগ্রহণে পিতামাতার অনুমতির অনুরোধ অন্তর্ভুক্ত থাকতে হবে। যদি বিশেষ কোনো কর্মকাণ্ডে অংশগ্রহণের জন্য কোনো

---

* এই প্রবিধান সম্পর্কিত যেকোন চিঠি বা সম্মতিপত্র যতটা সম্ভব পিতামাতার নিজস্ব ভাষা অথবা তাদের সাথে যোগাযোগের যে ব্যবস্থা রয়েছে, সম্ভব হলে সেটি ব্যবহার করে লিখতে হবে। যেসব ক্ষেত্রে পূর্ণ অনুদিত চিঠি/সম্মতি পত্র প্রদান সম্ভব না হবে, সেসব ক্ষেত্রে পিতামাতার অগ্রাধিকারপ্রাপ্ত ভাষায় বা সুবিধাজনক যোগাযোগের ভাষায় নিম্নলিখিত বিষয়গুলো বর্ণনা করে একটি বিজ্ঞপ্তি সংযুক্ত করে ইংরেজিতে লিখিত চিঠি/সম্মতি পত্র দিতে হবে: “সংযুক্ত চিঠিতে আপনার সন্তান সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য রয়েছে। অনুগ্রহ করে যথাশীঘ্রই সম্ভব সেটা অনুবাদ করিয়ে নিন।”

শিক্ষার্থীর অগ্রীম ডাক্তারি অনুমোদন আবশ্যক হয়, তাহলে অবশ্যই সেটা ট্রিপের আগেই সংগ্রহ করে নিতে হবে।

D. তত্ত্বাবধান

1. প্রিন্সিপ্যালকে অবশ্যই একজন লাইসেন্সধারী শিক্ষক, অ্যাসিসট্যান্ট প্রিন্সিপ্যাল, অথবা ট্রিপে অংশগ্রহণকারী অন্য কোন তত্ত্বাবধানকারীকে ট্রিপের সার্বিক দায়িত্বশীল হিসেবে নিযুক্ত করতে হবে। সাবস্ট্যান্স অ্যাবিউজ প্রোগ্রাম (মাদকদ্রব্য অপব্যবহার কর্মসূচি) সংশ্লিষ্ট ট্রিপের ক্ষেত্রে শিক্ষার্থীদের জন্য নিয়মিতভাবে দায়িত্বপ্রাপ্ত SAPIS কর্মীদের কারও উপরে ট্রিপের সার্বিক দায়িত্ব অর্পণ করা যেতে পারে।

2. স্কুল ট্রিপের প্রতিটি পর্যায়ে যথাযথ তত্ত্বাবধান নিশ্চিত করতে হবে।

3. সকল ট্রিপের জন্য শিক্ষার্থীদের সফরসঙ্গী স্টাফকে অবশ্যই ট্রিপ স্পন্সরকারী স্কুলের হতে হবে। প্রিন্সিপ্যাল তার বিবেচনা অনুসারে, অন্য কোনো স্কুলের স্টাফকে শিক্ষার্থীদের সফরসঙ্গী হওয়ার অনুরোধ অনুমোদন করতে পারেন।

4. যেসব ট্রিপের কর্মকাণ্ডে (যেমন সাঁতার, অশ্বারোহণ, আইস স্ক্যাটিং, শরীরচর্চার যন্ত্রপাতি ব্যবহার) অন্তর্নিহিত ঝুঁকি থাকে, সেসব ক্ষেত্রে কর্মকাণ্ডে নিযুক্ত থাকাকালে যথাযথ প্রাপ্তবয়স্ক তত্ত্বাবধায়কের উপস্থিতির বিষয়টিকে নিশ্চিত করতে হবে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে।

5. কর্মকাণ্ডের জন্য যখন যথাযথ তখন অবশ্যই সুরক্ষামূলক সরঞ্জাম (যেমন, অশ্বারোহণের জন্য হেলমেট) প্রদান করতে হবে।

6. স্টাফ ও শিক্ষার্থীর অনুপাত

a) নিউ ইয়র্ক সিটির অভ্যন্তরে রুটিন দিবাকালিন ট্রিপ:

এলিমেন্টারি এবং মিডল্ স্কুল শিক্ষার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ তিরিশজন (30) শিক্ষার্থীর জন্য কমপক্ষে একজন (1) স্টাফ ও দুইজন (2) বাড়তি প্রাপ্তবয়স্ক ব্যক্তি আবশ্যক হবে। হাই স্কুল শিক্ষার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ তিরিশজন (30) শিক্ষার্থীর জন্য কমপক্ষে একজন (1) স্টাফ ও একজন (1) বাড়তি প্রাপ্তবয়স্ক ব্যক্তি আবশ্যক হবে। বাধ্যতামূলক স্টাফকে হতে হবে একজন শিক্ষক অথবা একজন সুপারভাইজার বা তত্ত্বাবধায়ক। অপর প্রাপ্তবয়স্ক ব্যক্তি(বর্গ) হতে পারেন একজন স্বেচ্ছাকর্মী পিতামাতা অথবা একজন শিক্ষা নির্দেশনার স্টাফ সদস্য (যেমন, শিক্ষক, ডিন, গাইডেন্স কাউন্সিলর, সোশ্যাল ওয়ার্কার) অথবা একজন প্যারাপ্রফেশনাল অথবা স্কুল এইড।

এলিমেন্টারি পর্যায়ে, প্রতি অতিরিক্ত দশজন (10) শিক্ষার্থীর জন্য, একজন অতিরিক্ত প্রাপ্ত বয়স্ক ব্যক্তি আবশ্যক হবে। মিডল ও হাই স্কুল পর্যায়ে বাড়তি অংশগ্রহণকারী প্রতি পনেরোজন (15) শিক্ষার্থীর জন্য একজন বাড়তি প্রাপ্ত বয়স্ক ব্যক্তি আবশ্যক হবে।

b) শহরের বাইরে থাকতে হয় অথবা রাত্রিযাপন করতে হয় এমন ট্রিপের ক্ষেত্রে:

এলিমেন্টারি, মিডল্ এবং হাই স্কুল শিক্ষার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ তিরিশজন (30) শিক্ষার্থীর জন্য কমপক্ষে দুইজন (2) স্টাফ ও একজন (1) বাড়তি প্রাপ্তবয়স্ক ব্যক্তি আবশ্যক হবে। উপরে উল্লিখিত দুইজন স্টাফের ক্ষেত্রে, একজনকে অবশ্যই শিক্ষক অথবা সুপারভাইজার হতে হবে। অপর স্টাফ সদস্য হতে পারেন একজন শিক্ষা

নির্দেশনা স্টাফ (যেমন শিক্ষক, ডিন, গাইডেন্স কাউন্সিলর, সোশ্যাল ওয়ার্কার) অথবা একজন প্যারাপ্রফেশনাল অথবা স্কুল এইড। অপর (1) প্রাপ্তবয়স্ক ব্যক্তি হতে পারেন একজন স্বেচ্ছাকর্মী পিতামাতা বা শিক্ষানির্দেশনা স্টাফ (যেমন শিক্ষক, ডিন, গাইডেন্স কাউন্সিলর, সোশ্যাল ওয়ার্কার) অথবা একজন প্যারাপ্রফেশনাল অথবা স্কুল এইড।

এলিমেন্টারি পর্যায়ে, প্রতি অতিরিক্ত দশজন (10) শিক্ষার্থীর জন্য, একজন অতিরিক্ত প্রাপ্ত বয়স্ক ব্যক্তি আবশ্যক হবে। মিডল ও হাই স্কুল পর্যায়ে বাড়তি অংশগ্রহণকারী প্রতি পনেরোজন (15) শিক্ষার্থীর জন্য একজন বাড়তি প্রাপ্ত বয়স্ক ব্যক্তি আবশ্যক হবে।

c) আন্তর্জাতিক ট্রিপসমূহ

তিরিশজন (15) শিক্ষার্থীর জন্য কমপক্ষে দুইজন (2) স্টাফ ও অপর একজন (1) বাড়তি প্রাপ্তবয়স্ক ব্যক্তি আবশ্যক হবে। উপরে উল্লিখিত দুইজন স্টাফের ক্ষেত্রে, একজনকে অবশ্যই শিক্ষক অথবা সুপারভাইজার হতে হবে। অপর স্টাফ সদস্য হতে পারেন একজন শিক্ষা নির্দেশনা স্টাফ (যেমন শিক্ষক, ডিন, গাইডেন্স কাউন্সিলর, সোশ্যাল ওয়ার্কার) অথবা একজন প্যারাপ্রফেশনাল অথবা স্কুল এইড। অপর এক প্রাপ্তবয়স্ক ব্যক্তি হতে পারেন একজন স্বেচ্ছাকর্মী পিতামাতা বা শিক্ষানির্দেশনা স্টাফ (যেমন, শিক্ষক, ডিন, গাইডেন্স কাউন্সিলর, সোশ্যাল ওয়ার্কার) অথবা একজন প্যারাপ্রফেশনাল অথবা স্কুল এইড। অংশগ্রহণকারী প্রতি বাড়তি দশজন (10) শিক্ষার্থীর জন্য একজন বাড়তি প্রাপ্ত বয়স্ক ব্যক্তি আবশ্যক হবে।

d) স্পেশাল এডুকেশন (বিশেষ শিক্ষার) শিক্ষার্থীবৃন্দ

স্পেশাল এডুকেশনের শিক্ষার্থীদের ক্ষেত্রে স্টাফ ও শিক্ষার্থীর অনুপাত কমপক্ষে তাদের ক্লাসরুমের বাধ্যতামূলক হার-এর অনুরূপ হতে হবে।

7. সাঁতার ও পানিতে করতে হয়, এমন কর্মকাণ্ডের জন্য বাড়তি শর্তাবলী

a) সাঁতার ও পানিতে করতে হয়, এমন কর্মকাণ্ডের জন্য স্টাফ ও শিক্ষার্থীর অনুপাত

শিক্ষার্থীদের যদি সাঁতার ও পানিতে করতে হয়, এমন কর্মকাণ্ডে (যেমন নৌকাবাইচ, কায়াক চালনা) অংশগ্রহণ করতে হয়, তাহলে নিচে বর্ণিত অনুপাত অনুসরণ করতে হবে:

(1) এলিমেন্টারি এবং মিডল্ স্কুল শিক্ষার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ তিরিশজন (30) শিক্ষার্থীর জন্য কমপক্ষে (2) দুইজন স্টাফ ও দুইজন (2) বাড়তি প্রাপ্তবয়স্ক ব্যক্তি আবশ্যক হবে।

(2) হাই স্কুল শিক্ষার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ তিরিশজন (30) শিক্ষার্থীর জন্য কমপক্ষে দুইজন (2) স্টাফ ও দুইজন (2) বাড়তি প্রাপ্তবয়স্ক ব্যক্তি আবশ্যক হবে।

(3) উপরে উল্লিখিত দুইজন স্টাফ সদস্যের ক্ষেত্রে, একজনকে অবশ্যই শিক্ষক অথবা সুপারভাইজার হতে হবে। অপর স্টাফ সদস্য হতে পারেন একজন শিক্ষা নির্দেশনা স্টাফ (যেমন শিক্ষক, ডিন, গাইডেন্স কাউন্সিলর, সোশ্যাল ওয়ার্কার) অথবা একজন প্যারাপ্রফেশনাল অথবা স্কুল এইড।

(4) দুইজন স্বেচ্ছাকর্মী পিতামাতা বা শিক্ষানির্দেশনা স্টাফ (যেমন শিক্ষক, ডিন, গাইডেন্স কাউন্সিলর, সোশ্যাল ওয়ার্কার) অথবা প্যারাপ্রফেশন্যাল বা স্কুল এইড উপরে বর্ণিত অপর দুই (2) প্রাপ্তবয়স্ক ব্যক্তি হতে পারেন।

(5) এলেমেন্টারি পর্যায়ে প্রতি বাড়তি দশজন (10) শিক্ষার্থীর জন্য দুইজন বাড়তি প্রাপ্তবয়স্ক ব্যক্তি আবশ্যক হবে। মিডল ও হাই স্কুল পর্যায়ে প্রতি পনেরোজন (15) শিক্ষার্থীর জন্য দুইজন বাড়তি প্রাপ্ত বয়স্ক ব্যক্তি আবশ্যক হবে।

b) যখন একজন লাইফগার্ড দায়িত্বরত থাকবে শুধুমাত্র তখন শিক্ষার্থীদের সাঁতার কাটার অনুমতি দেয়া হবে। যতক্ষণ শিক্ষার্থী সাঁতার কাটবে, সেই পুরো সময় জুড়ে লাইফ গার্ড অবশ্যই দায়িত্বরত থাকতে হবে।

c) যেসব শিক্ষার্থী সাঁতার ছাড়া, যতক্ষণ পানিতে করতে হয় এমন অন্য কর্মকাণ্ড, যেমন, কায়াকিং, টিউবিং বা নৌকাবাইচ করবে, ততক্ষণ তাদেরকে লাইফ জ্যাকেট পরে থাকতে হবে।

d) আন্তর্জাতিক ট্রিপের ক্ষেত্রে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে, শিক্ষার্থীরা যে কর্মকাণ্ডে নিয়োজিত আছে, তার সাথে মিল রেখে উপযুক্ত প্রাপ্তবয়স্ক তত্ত্বাবধানের ব্যবস্থা রাখা হয়েছে।

8. যদি কোনো শিক্ষার্থীকে সমাপ্তির আগে স্কুল ট্রিপ ত্যাগ করতে হয়, তাহলে তাকে নিয়ে যেতে তার পিতামাতা আসতে না পারলে তার সাথে একজন স্টাফকে যেতে হবে।

9. ট্রিপের ধরন যাই হোক, শিক্ষার্থীদের স্কুলের সাইট ব্যতীত অন্য কোথাও মিলিত হওয়া বা ছুটি দেয়ার অনুমতি নেই, যদিনা তা সম্মতি পত্রে সুনির্দিষ্টভাবে অনুমোদিত থাকে। প্রিন্সিপ্যাল বা ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই ফেরত যাওয়া শিক্ষার্থীর সার্বিক দায়িত্ব বহন করতে হবে। যেসমস্ত অনাকাঙ্ক্ষিত পরিস্থিতিতে শিক্ষার্থীদেরকে পূর্বে একমত হওয়া স্থান ছাড়া অন্য কোন স্থান থেকে ছুটি দিতে হয়, তেমন পরিস্থিতিতে পিতামাতাদের সাথে অবশ্যই যোগাযোগ করতে ও পরিস্থিতি ব্যাখ্যা করতে হবে, এবং উপযুক্ত স্কুল স্টাফকে অবশ্যই পিতামাতা না আসা পর্যন্ত শিক্ষার্থীদের সঙ্গে অবস্থান করতে হবে। কোনো পিতামাতা সন্তানকে নিয়ে যেতে ব্যর্থ হলে এবং পিতামাতাদের বা যোগাযোগের ব্যক্তিদের সাথে বারংবার যোগাযোগের প্রচেষ্টা ব্যর্থ হলে, প্রিন্সিপ্যাল বা ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিকটস্থ পুলিশ প্রিসিংক্টে যোগাযোগ করতে হবে।

10. কোন শিক্ষার্থীর ভাইবোন যার পিতামাতা ক্লাস ট্রিপে সফরসঙ্গী হচ্ছেন, সে ট্রিপে অংশগ্রহণের জন্য অনুমোদিত নয়।

E. জরুরি পরিস্থিতি

1. অনুপস্থিত শিক্ষার্থী

a) যদি কোনো ট্রিপ সাইটে এক বা একাধিক শিক্ষার্থী নিখোঁজ হয়ে যায়, তাহলে সে সাইট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে অবিলম্বে তা জানাতে হবে এবং অনুসন্ধান শুরু করতে

হবে। অনুসন্ধান করেও শিক্ষার্থীর খোঁজ পাওয়া না গেলে, তাৎক্ষনিকভাবে স্থানীয় পুলিশকে ফোন করতে হবে। দায়িত্বশীল স্টাফদেরকে অবশ্যই পিতামাতাদের সাথে, পাশাপাশি তার তত্ত্বাবধায়কের সাথে যোগাযোগের সর্বাত্মক উদ্যোগ গ্রহণ করবেন।

b) সকল শিক্ষার্থীর উপস্থিতি গণনা শেষ না হওয়া পর্যন্ত একজন স্টাফকে সাইটে অপেক্ষমান থাকতে হবে। অন্যান্য শিক্ষার্থী ও প্রাপ্তবয়স্করা সাইট ত্যাগ করবেন কি না, দায়িত্বপ্রাপ্ত স্টাফ সে সিদ্ধান্ত নেবেন। এ ধরনের সকল সিদ্ধান্ত স্টাফের তত্ত্বাবধানকারীর সাথে আলোচনাক্রমে করতে হবে। নিখোঁজ সন্তানের পিতামাতাদের অনুসন্ধান সম্পর্কে সর্বসাম্প্রতিক তথ্য প্রদান অব্যাহত রাখতে হবে।

2. অসুস্থতা/আঘাত প্রাপ্তি

a) কোনো শিক্ষার্থী অসুস্থ হলে বা আঘাত পেলে এবং তার সহায়তার প্রয়োজন হলে, অবিলম্বে যথাযথ স্বাস্থ্য কর্মকর্তাদের জানাতে হবে। স্বাস্থ্য কর্মকর্তা অসুস্ততা বা আঘাতের মাত্রা সম্পর্কে সিদ্ধান্ত নেবেন, এবং হাসপাতালে স্থানান্তর প্রয়োজন হলে একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে সঙ্গে যেতে হবে। পিতামাতাদের অবশ্যই অবিলম্বে জানাতে হবে এবং সন্তান কোথায় আছে (হাসপাতাল ইত্যাদি) ও কী ধরণের অসুস্থতা বা আঘাত, তা অবহিত করতে হবে।

b) অন্যান্য শিক্ষার্থী ও প্রাপ্তবয়স্করা সাইট ত্যাগ করবে কিনা, দায়িত্বপ্রাপ্ত স্টাফ সেই সিদ্ধান্ত নেবেন, তবে অসুস্থ বা আহত ছেলেমেয়ে ফিরে যেতে সক্ষম না হওয়া পর্যন্ত একজন স্টাফকে সঙ্গে থাকতে হবে। এ ধরনের সকল সিদ্ধান্ত স্টাফ সদস্যদের সুপারভাইজারের সাথে আলোচনাক্রমে করতে হবে। পিতামাতাদেরকে সন্তানের অবস্থা সম্পর্কে অবহিত রাখতে হবে, যদি তারা সাইটে যেতে না পারেন।

III. পরিবহন (ট্র্যান্সপোর্টেশন)

A. স্কুল নিম্নলিখিত যেকোনো পরিবহন ব্যবস্থা ব্যবহার করতে পারে:

1. পাবলিক ট্র্যাঞ্জিট সিস্টেম (যেমন, সাবওয়ে, বাস);
2. রেজিস্ট্রিকৃত কমার্শিয়াল এয়ারলাইন’;
3. ইন্টারসিটি বাস বা ট্রানজিট সিস্টেম (যেমন, অ্যামট্র্যাক, গ্রেহাউন্ড); এবং/অথবা
4. অনুমোদিত প্রাইভেট বাস, এতে অন্তর্ভুক্ত স্কুল বাস, নিচের বর্ণনা অনুসরণ করবে:

a) শিক্ষার্থীদের পরিবহনের জন্য ব্যবহৃত যেকোনো যানবাহনকে অবশ্যই সকল ফেডারেল, স্টেট, সিটি এবং ডিপার্টমেন্ট অভ এডুকেশনের নিয়ম ও প্রবিধান অনুসরণ করতে হবে। যানবাহন, চালক, ইন্সুরেন্স ও কোম্পানির জন্য প্রতিষ্ঠিত মানদণ্ড এর অন্তর্ভুক্ত হবে, তবে তা এতে সীমাবদ্ধ নয়। এসব মানদণ্ড মেনে যেসব বাস কোম্পানি পরিষেবা প্রদান করে, তার একটা তালিকা পেতে অফিস অভ পিউপল ট্রানপোর্টেশনের সাথে অবশ্যই যোগাযোগ করতে হবে।

b) অফিস অভ পিউপল ট্র্যানস্‌পোর্টেশন থেকে স্কুল ট্রিপের জন্য একটি বাসের অনুরোধ জানাতে হলে, অনুগ্রহ করে ফিল্ড ট্রিপ ইউনিটে সাথে 718-784-3313 নম্বরে যোগাযোগ করুন। এই ইউনিট প্রত্যকে শিক্ষা বছর শুরুর আগে সকল স্কুলগুলোতে ট্রিপের জন্য বাসের অনুরোধ জানানোর প্রক্রিয়া জানিয়ে দেয়। অফিস অভ পিউপিল ট্র্যানপোর্টেশন থেকে বাস সার্ভিসের অনুরোধ জানাতে অনুগ্রহ করে এই প্রক্রিয়াগুলো দেখুন।

c) শিক্ষার্থীদের ট্রিপ সাইটে আনা-নেয়ার জন্য অননুমোদিত বা ব্যক্তিগত যানবাহন ব্যবহার করা যাবে না।

IV. ইন্সুরেন্স ও ক্ষতিপূরণ

A. স্কুল ট্রিপসমূহের জন্য, যেখানে শিক্ষার্থীরা উচ্চ-ঝুঁকিসম্পন্ন কর্মকাণ্ডে লিপ্ত হয় (যেমন, সাঁতার, ঘোড়ায় চড়া, স্কিইং, আইস স্কেটিং, শারীরিক সুস্থতার সরঞ্জাম ব্যবহার), তাহলে স্কুলের এই মর্মে প্রামাণ্য নথি থাকতে হবে যে, শিক্ষার্থীরা যেসব সাইট পরিদর্শন করতে যাবে, সেগুলোর একটি জেনারেল কম্প্রিহেনসিভ লায়াবিলিটি ইন্সুরেন্স পলিসি আছে যা ঘটনাপ্রতি $2,000,000-এর কম নয়, এবং ফ্যাসিলিটির পক্ষ থেকে একটি লিখিত ঘোষণা থাকতে হবে যে, সেটি 4-21 বছর বয়সীদের জন্য বাধ্যতামূলক স্বাস্থ্য, অগ্নি ও নিরাপত্তার স্থানীয় মানদণ্ডের সাথে সামঞ্জস্যবিধান করে। যদি এসব প্রামাণ্য নথি না পাওয়া যায়, তবে ঐ ট্রিপটিতে যাওয়া যথাযথ হবে কিনা, প্রিন্সিপ্যাল সেই সিদ্ধান্ত নেবেন। ইন্টারন্যাশন্যাল ট্রিপে ইমারজেন্স মেডিকেল গ্রুপ ইন্সুরেন্স অবশ্যই কিনতে হবে যাতে সকল অংশগ্রহণকারীদের অন্তর্ভুক্ত করা যায়।

B. যদি কোন ফ্যাসিলিটি ইন্সুরেন্সের প্রমাণ চায় বা স্কুল ট্রিপে DOE-এর কর্মচারী, শিক্ষার্থী বা আমন্ত্রিতদের কর্মকাণ্ড চলাকালে সংঘটিত ঘটনার জন্য DOE-কে যদি কোন ভবন ক্ষতিপূরণ দিতে বলে, তাহলে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে স্কুলের দায়িত্বে নিয়োজিত সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে যোগাযোগ করতে হবে এবং সিনিয়র ফিল্ড কাউন্সেলের অনুমোদন ছাড়া ক্ষতিপূরণ সংক্রান্ত কোন নথিতে তিনি স্বাক্ষর করতে পারবেন না।

C. ইন্সুরেন্স ও ক্ষতিপূরণ সংক্রান্ত সকল প্রশ্ন সংশ্লিষ্ট সিনিয়র ফিল্ড কাউন্সেলের কাছে প্রেরণ করতে হবে।

V. দায়বদ্ধতা

নিউ ইয়র্ক স্টেটের আইন অনুসারে তত্ত্বাবধানকারী ও শিক্ষকতায় নিয়োজিত স্টাফ এবং স্কুল ভলান্টিয়ার প্রোগ্রামে অনুমোদিত অংশগ্রহণকারী কর্মচারী ও স্বেচ্ছাসেবকগণ যখন তার সরকারি চাকরিতে নিয়োজিত ছিলেন ও তার কাজের আওতাভুক্ত দায়িত্বপালন করছিলেন, এবং কথিত ঘটনা বা বিচ্যুতি সংঘটনকালে ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কোন বিধি বা প্রবিধান লঙ্ঘন করছিলেন না, তখন সংঘটিত ঘটনা বা বিচ্যুতি থেকে উদ্ভূত দাবির প্রেক্ষিতে তারা আইনগত প্রতিনিধিত্ব ও ক্ষতিপূরণের অধিকারী হতে পারেন। ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কোনো কর্মচারী/স্বেচ্ছাসেবির নামে কোনো মামলা করা হলে, ডিপার্টমেন্টের অফিস অভ লিগ্যাল সার্ভিসেস-এর কর্পোরেশন কাউন্সেল থেকে প্রতিনিধিত্ব লাভের জন্য 212-374-6888 নম্বরে যোগাযোগ করতে হবে।

VI. ছাড় প্রদান

চ্যান্সেলর অথবা তার মনোনীত ব্যক্তি এই প্রবিধান বা এর কোনো অংশ ছাড় দিতে পারেন, যদি তা স্কুল সিস্টেমের জন্য সর্বোচ্চ অনুকূল নিরূপিত হয়।

VII. অনুসন্ধান

এই প্রবিধান সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করতে হবে:

ফিল্ড সাপোর্ট সেন্টারে (অপারেশনস্ ম্যানেজার) অবস্থিত অপারেশন্যাল সাপোর্ট-এর ফিল্ড সাপোর্ট সেন্টার ম্যানেজার এবং/অথবা সুপারিনটেনডেন্ট

Department of Education

সফর বা ট্রিপ পরিকল্পনা

একটি বিস্তারিত ভ্রমণ সূচি প্রিন্সিপ্যালকে অবশ্যই দিতে হবে এবং এই ফর্মের সাথে সংযুক্ত করতে হবে

1. স্কুল: ______________________ ক্লাস(সমূহ) ______________________

2. গন্তব্যস্থান: নতুন সম্মতি ফর্ম এবং অনুমোদন ছাড়া কোনও পরিবর্তন করা যাবে না
____

3. ট্রিপের উদ্দেশ্য: ______________________

4. ট্রিপের তারিখ: ______________________

5. প্রস্থানের সময়: ______________________ **6.** ফিরে আসার সময়: ______________________

7. ভ্রমণে নিয়ে যাওয়া শিক্ষার্থীর সংখ্যা: ________ **8.** শিক্ষকগণের সংখ্যা: ________ অন্য প্রাপ্ত বয়স্কদের সংখ্যা: ________

9. পরিবহন আবশ্যক:

পাবলিক ________ চার্টার বাস কম্পানির নাম: ______________________ অন্যান্য ________

10. যাত্রার তথ্য (স্থান ও পরিবহন): ______________________

11. ট্রিপ থেকে ফেরা সংক্রান্ত তথ্য (স্থান ও পরিবহন): ______________________

12. ফ্রি পরিবহন পাসের অনুরোধ করা হয়েছে হ্যাঁ ________ না ________

13. ______________________ অনুমোদিত: ______________________
দায়িত্বপ্রাপ্ত শিক্ষক প্রিন্সিপ্যাল

14. ট্রিপ আয়োজনকারী ব্যক্তি/কোম্পানির নাম ও যোগাযোগের তথ্য:
____

15. খাবার ও থাকার ব্যবস্থা করবে: ______________________

16. লজিং বা থাকার জায়গার ঠিকানা & ফোন নম্বর ______________________

17. স্কুল নিরুপণ করেছে যে স্থাপনাটির পর্যাপ্ত বিমা করা আছে কি, যা প্রাসঙ্গিক ঝুঁকি স্তরের জন্য সঙ্গতিপূর্ণ (যেমন, বাহ্যিক কর্মকাণ্ডের পরিবর্তে নিষ্কর্মক সফর, শারীরিকভাবে সক্রিয় ট্রিপ)?

হ্যাঁ ________ না ________ যদি হ্যাঁ হয়, তবে পলিসির একটি কপি সংযুক্ত করুন।

18. যদি সাঁতার অন্তর্ভুক্ত থাকে, তাহলে শিক্ষার্থীরা পানিতে থাকার পুরো সময়ে একজন লাইফগার্ড থাকার বিষয়টি স্কুল নিশ্চিত করেছে। হ্যাঁ ________

দেশের বাহিরে সফর বা ট্রিপ

A. বর্তমানে স্টেট ডিপার্টমেন্ট কর্তৃক ইস্যুকৃত কোনও ভ্রমণ সংক্রান্ত সতর্কবার্তা অথবা উপদেশ আছে কি? (www.cdc.gov; www.travel.state.gov) হ্যাঁ _____ না _______
যদি "হ্যাঁ" হয়, অনুগ্রহ করে ব্যাখ্যা দিন: ______________________

B. আপনি দেশের বাহিরে ট্রিপে থাকাকালীন সময়ের প্রতিদিনের জন্য মেডিক্যাল ইনস্যুরেন্স ক্রয় করেছেন কি? হ্যাঁ ___ না ___
(পলিসির একটি কপি সংযুক্ত করুন)

C. মেডিক্যাল প্রিক্লিয়ারেন্স-এর আবশ্যকতা আছে কি? হ্যাঁ ______ না ______ যদি হ্যাঁ হয়, প্রত্যেক শিক্ষার্থীর মেডিক্যাল ফর্মের একটি কপি সংযুক্ত করুন।

D. যে দেশে/দেশসমূহে ভ্রমণ করা হচ্ছে সেগুলোতে যাবার এবং যুক্তরাষ্ট্রে ফিরে আসার জন্য প্রত্যেক শিক্ষার্থী ও স্টাফ সদস্যের যথাযথ নথিপত্র বা ডকুমেন্টেশন আছে কি? হ্যাঁ ______ না ______

E. ট্রিপ সমন্বয়কারীর কাছে সকল শিক্ষার্থীর পাসপোর্টের কপি থাকতে হবে।

F. ন্যূনতম একজন স্টাফ সদস্যের কাছে আন্তর্জাতিক সার্ভিস সহ একটি ফোন অবশ্যই থাকতে হবে।
স্টাফ সদস্যের নাম: ______________________ ফোন নাম্বার: ______________________

আমি প্রত্যয়ন করছি যে চ্যান্সেলরের প্রবিধান A-670 এর সকল শর্ত যা এই ট্রিপের ক্ষেত্রে প্রাসঙ্গিক সেগুলি পূরণ করা হয়েছে।

19. **অনুমোদিত** ______________________ তারিখ ______________________
প্রিন্সিপ্যাল

20. **অনুমোদিত*** ______________________ তারিখ ______________________
সুপারিনটেনডেন্ট

আন্তর্জাতিক ট্রিপসমূহের জন্য অবশ্যই যথাযথ সুপারিনটেনডেন্টের অনুমোদন লাগবে। যে দেশ/দেশসমূহে ভ্রমণ করা হচ্ছে, সেটার জন্য যদি কোনও ভ্রমণ সংক্রান্ত উপদেশ থেকে থাকে, তাহলে সুপারিনটেনডেন্টকে অবশ্যই ট্রিপ অনুমোদন করা যাবে কিনা, তা নিয়ে আগেই চ্যান্সেলর বা চ্যান্সেলর দ্বারা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির সাথে আলোচনা করতে হবে।

দ্রষ্টব্য: একটি সুনির্দিষ্ট ট্রিপে অন্যন্য পরিস্থিতির উপর ভিত্তি করে ট্রিপ সংক্রান্ত অতিরিক্ত তথ্য এই ফর্মের সাথে সংযুক্ত হতে পারে। অন্য সকল পরিবর্তনসমূহের জন্য অফিস অভ লিগ্যাল সার্ভিসেস্-এর অনুমোদন আবশ্যক।

পিতামাতাকে অবহিতকরণ/সম্মতি ফর্ম

দিবা সফর বা ট্রিপ

নাম:________________________ ক্লাস: ________________________

স্কুল (আরও পৃষ্ঠপোষক থাকলে উল্লেখ করুন) সফরের তারিখ: __________ ট্রিপের তারিখ(সমূহ): :___/___/___ প্রাপক :___/___/___

ট্রিপ সমন্বয়কারী:________________________

গন্তব্যস্থান:________________________

প্রস্থানের সাইট:________________________ প্রস্থানের সময়: ________________________

ফিরে আসার সাইট: ________________________ ফিরে আসার সময়:________________________

পরিবহনের ধরন:________________________

ট্রিপের উদ্দেশ্য:________________________

____

এই সফরের জন্য আবশ্যক নির্দিষ্ট পোশাক/সরঞ্জাম: ________________________

এই ট্রিপে এখানে উল্লিখিত শারীরিক ও ক্রীড়া কর্মকাণ্ড অন্তর্ভুক্ত রয়েছে (যেমন সাঁতার, ঘোড়ায় চড়া, আইস স্কেটিং স্কিয়িং, বোটিং, ইত্যাদি)।

____

____

____

a) আমি বুঝেছি যে, উপরোক্ত খেলাধুলা এবং শারীরিক কার্যকলাপ থেকে আঘাত পাবার ঝুঁকি আছে এবং আমি আমার সন্তানকে নিম্নলিখিত কার্যকলাপ ব্যতীত উপরের বাকি সবগুলোতে অংশগ্রহণ করার সম্মতি দিচ্ছি:

____

____

____

b) আপনার সন্তানের ঔষধ এবং বিশেষ খাদ্যের চাহিদাসহ, যেকোনো স্থায়ী অথবা অস্থায়ী চিকিৎসাগত বা অন্য কোনো অবস্থা (কনডিশন), অথবা দৃষ্টি বা শ্রবণ সংক্রান্ত সরঞ্জামের চাহিদা সম্পর্কে আমাদের জানা প্রয়োজন, সেগুলো অনুগ্রহ করে উল্লেখ করুন।

____

____

____

c) আমি সম্মত আছি, আঘাত প্রাপ্তি অথবা অসুস্থতা জনিত জরুরি কোনও ঘটনায়, সফরের দায়িত্বে থাকা কোনও কর্মী সদস্য(গণ) আমার পক্ষাবলম্বন করে এবং আমার সন্তানের স্বাস্থ্য চিকিৎসা দিতে আমার নিজস্ব খরচে যেকোনো ব্যবস্থা নিতে পারবে।

d) আমি জানি আমার সন্তানকে দায়িত্বশীল আচরণ করতে এবং স্কুলের শৃঙ্খলা বিধি এবং নীতি মেনে চলতে হবে।

e) আমি একমত এবং বুঝেছি যে আমি আমার সন্তানের কার্যকলাপের জন্য দায়ী। আমি এই সফরের সাথে সম্পর্কিত সকল দাবি এবং দায়িত্ব থেকে, যদি তা স্কুল কর্তৃপক্ষের অবহেলাজনিত না হয়, স্কুলকে দায়মুক্তি প্রদান করছি।

f) আমি জানি, আমার সন্তানকে উপরিল্লিখিত প্রস্থানের এবং ফেরার সাইটে আনা-নেয়ার দায়িত্ব আমার। আমি জানি যে ট্রিপে, যার মধ্যে অন্তর্ভুক্ত যাত্রা শুরুর সাইট থেকে গন্তব্যস্থল, এবং গন্তব্যস্থল থেকে ফিরে আসার সাইট, কর্মী সদস্যগণ আমার সন্তানের সাথে থাকবেন।

g) আমি জানি যে অ্যালকোহলিক পানীয় এবং/অথবা বেআইনী ড্রাগ ব্যবহার নিষিদ্ধ এবং এ ব্যাপারে আমার সন্তানের সাথে কথা বলেছি। আমি জানি আমার সন্তানকে যদি এইসব দ্রব্য পাওয়া যায়, তাহলে তার বিরুদ্ধে শৃঙ্খলা বিধি অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে এবং সম্ভাব্য শৃঙ্খলা ভঙ্গের জন্য সে দণ্ডিতও হতে পারে।

h) আমি জানি, যেসকল শিক্ষার্থী স্কুলের শৃঙ্খলা বিধির লংঘন করে তাদেরকে ভবিষ্যত সফরে অংশগ্রহণ থেকে বাদ দেয়া হতে পারে।

i) জরুরি পরিস্থিতিতে আমার সাথে যোগাযোগ করা যাবে: দিবস: (___)_______________ সন্ধ্যা: (___) _______________

অতিরিক্ত যোগাযোগের তথ্য: নাম:____________________________ দিবস: (___) _______ সন্ধ্যা: (___) ____________

j) আমি আমার সন্তানকে উপরে বর্ণিত স্কুল সফরে অংশগ্রহণের অনুমতি দিচ্ছি।

____ _____________________

(পিতামাতা/অভিভাবকের স্বাক্ষর) (তারিখ)

শিক্ষার্থীর বিবৃতি

(মিডল স্কুল ও হাই স্কুলের শিক্ষার্থীরা স্বাক্ষর করবে)

আমি ফর্মটি পড়েছি এবং বুঝেছি যে স্কুলে আমার কাছে যেমন আচরণ প্রত্যাশা করা হয়, এই সফরে আমাকে তেমনি দায়িত্বশীল আচরণ করতে হবে।

____ _____________________

(শিক্ষার্থীর স্বাক্ষর) (তারিখ)

Department of Education

দ্রষ্টব্য: একটি সুনির্দিষ্ট ট্রিপে অন্যান্য পরিস্থিতির উপর ভিত্তি করে ট্রিপ সংক্রান্ত অতিরিক্ত তথ্য এই ফর্মের সাথে সংযুক্ত হতে পারে। অন্য সকল পরিবর্তনসমূহের জন্য অফিস অভ লিগ্যাল সার্ভিসেস্-এর অনুমোদন আবশ্যক।

রাত্রিযাপন/দীর্ঘায়িত দিবা সফর বা ট্রিপের জন্য পিতামাতাকে অবহিতকরণ/সম্মতি ফর্ম

নাম:________________________________ ক্লাস: ________________

স্কুল (আরও পৃষ্ঠপোষক থাকলে উল্লেখ করুন) সফরের তারিখ: __________ ট্রিপের তারিখ(সমূহ):___/___/___ থেকে ___/___/___

ট্রিপ সমন্বয়কারী:________________________________

গন্তব্যস্থান: ________________________________

প্রস্থানের সাইট: ________________________ প্রস্থানের সময়:__________

ফিরে আসার সাইট:________________________ ফিরে আসার সময়: ________________

পরিবহনের ধরন:________________________________

হোটেলের নাম এবং টেলিফোন নম্বর (যদি রাত্রিযাপনকারী ট্রিপ): ________________________

ট্রিপের উদ্দেশ্য: ________________________________

____

এই সফরের জন্য আবশ্যক নির্দিষ্ট পোশাক/সরঞ্জাম: ________________________

____

এই ট্রিপে এখানে উল্লিখিত শারীরিক ও ক্রীড়া কর্মকাণ্ড অন্তর্ভুক্ত রয়েছে (যেমন সাঁতার, ঘোড়ায় চড়া, আইস স্কেটিং স্কিয়িং, বোটিং, ইত্যাদি)

____

____

____

a) আমি বুঝেছি যে, উপরোক্ত খেলাধুলা এবং শারীরিক কার্যকলাপ থেকে আঘাত পাবার ঝুঁকি আছে এবং আমি আমার সন্তানকে নিম্নলিখিত কার্যকলাপ ব্যতীত উপরের বাকি সবগুলোতে অংশগ্রহণ করার সম্মতি দিচ্ছি:

____

____

____

b) আপনার সন্তানের ঔষধ এবং বিশেষ খাদ্যের চাহিদাসহ, যেকোনো স্থায়ী অথবা অস্থায়ী চিকিৎসাগত বা অন্য কোনো অবস্থা (কনডিশন), অথবা দৃষ্টি বা শ্রবণ সংক্রান্ত সরঞ্জামের চাহিদা সম্পর্কে আমাদের জানা প্রয়োজন, সেগুলো অনুগ্রহ করে উল্লেখ করুন।

____

____

____

c) আমি সম্মত আছি, আঘাত প্রাপ্তি অথবা অসুস্থতা জনিত জরুরি কোনও ঘটনায়, সফরের দায়িত্বে থাকা কোনও কর্মী সদস্য(গণ) আমার পক্ষাবলম্বন করে এবং আমার সন্তানের স্বাস্থ্য চিকিৎসা দিতে আমার নিজস্ব খরচে যেকোনো ব্যবস্থা নিতে পারবে।

d) আমার সন্তানকে উপরের প্রস্থানের সাইট এবং ট্রিপ থেকে ফেরার সাইটে আনা-নেয়ার দায়িত্ব আমার। আমি বুঝি যে ট্রিপ শুরুর সাইট থেকে গন্তব্যস্থল, এবং গন্তব্যস্থল থেকে ফিরে আসার সাইট পর্যন্ত স্টাফ সদস্যগণ আমার সন্তানের সাথে থাকবেন।

e) আমি বুঝি যে প্রয়োজন বোধে স্কুল ভ্রমণ, সুযোগ সুবিধা এবং অন্যান্য ব্যবস্থা পরিবর্তন করা স্কুলের এক্তিয়ারের মধ্যে। এই ধরণের কোনও পরিবর্তন হলে আমাকে যত তাড়াতাড়ি সম্ভব জানানো হবে।

f) আমি বুঝি যে স্কুল ভ্রমণ এবং সুযোগ সুবিধার জন্য যে কমার্শিয়াল এয়ারলাইন, ট্রেন, রেস্টোরান্ট, হোটেল এবং অন্যান্য পরিষেবা স্কুলের নিয়ন্ত্রণে নেই। অতএব স্কুল এই কমার্শিয়াল পরিষেবাগুলোর ব্যবস্থাপনার জন্য, যার মধ্যে আছে কিন্তু এতেই সীমাবদ্ধ নয়, লাগেজ হারিয়ে যাওয়া, কক্ষ সন্তুষ্টজনক না হওয়া, এবং অর্থ ফেরতের (রিফান্ড) জন্য দায়বদ্ধ নয়।

g) আমি জানি আমার সন্তানকে দায়িত্বশীল আচরণ করতে এবং স্কুলের শৃঙ্খলা বিধি এবং নীতি মেনে চলতে হবে।

h) আমি একমত এবং বুঝেছি যে আমি আমার সন্তানের কার্যকলাপের জন্য দায়ী। আমি এই সফরের সাথে সম্পর্কিত সকল দাবি এবং দায়িত্ব থেকে, যদি তা স্কুল কর্তৃপক্ষের অবহেলাজনিত না হয়, স্কুলকে দায়মুক্তি প্রদান করছি।

i) আমি জানি, যেসকল শিক্ষার্থী স্কুলের শৃঙ্খলা বিধির লংঘন করে তাদেরকে ট্রিপে অংশগ্রহণ করা থেকে বাদ দেয়া হতে পারে। অতিরিক্তভাবে, আমি বুঝি যে ট্রিপে থাকাকালীন সময় গুরুতর অথবা নিয়ম ভঙ্গের অভিযোগ আসলে, স্কুল আমার সন্তানকে প্রোগ্রাম থেকে বাড়ি পাঠিয়ে দেয়ার অধিকার রাখে, যা আমাকে জানানো হবে। আমি বুঝি যে যদি আমার সন্তানকে আগে বাড়ি পাঠিয়ে দেয়া হয়, তাহলে এর জন্য যে খরচ হবে তা আমাকে বহন করতে হবে, উদাহরণ স্বরূপ আর্লি ডিপার্চার এবং ট্রিপের জন্যে স্কুলে যে অর্থ প্রদান করেছি তা ফেরত দেয়া হবে না।

j) আমি জানি, যেসকল শিক্ষার্থী স্কুলের শৃঙ্খলা বিধির লংঘন করে তাদেরকে ট্রিপে অংশগ্রহণ করা থেকে বাদ দেয়া হতে পারে।

k) জরুরি পরিস্থিতিতে আমার সাথে যোগাযোগ করা যাবে: দিবা: (___)________________ সন্ধ্যা: (___) ____________________
অতিরিক্ত যোগাযোগের তথ্য: নাম:______________________ দিন: (_____)__________ সন্ধ্যা: (___) __________________

l) আমি আমার সন্তানকে উপরে বর্ণিত স্কুল সফরে বা ট্রিপে অংশগ্রহণের অনুমতি দিচ্ছি।

____ ______________________
(পিতামাতা/অভিভাবকের স্বাক্ষর) (তারিখ)

শিক্ষার্থীর বিবৃতি

(মিডল স্কুল ও হাই স্কুলের শিক্ষার্থীরা স্বাক্ষর করবে)

আমি ফর্মটি পড়েছি এবং বুঝেছি যে স্কুলে আমার কাছে যেমন আচরণ প্রত্যাশা করা হয়, এই সফরে আমাকে তেমনি দায়িত্বশীল আচরণ করতে হবে।

____ ______________________
(শিক্ষার্থীর স্বাক্ষর) (তারিখ)

Department of Education

দ্রষ্টব্য: একটি সুনির্দিষ্ট ট্রিপে অন্যন্য পরিস্থিতির উপর ভিত্তি করে ট্রিপ সংক্রান্ত অতিরিক্ত তথ্য এই ফর্মের সাথে সংযুক্ত হতে পারে। অন্য সকল পরিবর্তনসমূহের জন্য অফিস অভ লিগ্যাল সার্ভিসেস্-এর অনুমোদন আবশ্যক। এই সম্মতির ফর্মটি স্টুডেন্ট এক্সচেঞ্জ এবং হোমস্টে প্রোগ্রামগুলোর ক্ষেত্রে প্রযোজ্য নয়।

আন্তর্জাতিক সফর বা ট্রিপের জন্য পিতামাতাকে অবহিতকরণ/সম্মতি ফর্ম

নাম:______________________________ ক্লাস: ______________

আপনার সন্তানের যদি একটি যুক্তরাষ্ট্রের পাসপোর্ট না থেকে থাকে, তবে ট্রিপ সমন্বয়কারী বা কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন। যুক্তরাষ্ট্রের পাসপোর্ট ছাড়া ভ্রমণকারীদের জন্য ভিসা এবং অনুমতির ক্ষেত্রে অন্য দেশগুলোর ভিন্ন ভিন্ন নিয়ম-নীতি রয়েছে।

স্কুল (আরও পৃষ্ঠপোষক থাকলে উল্লেখ করুন): ______________ ট্রিপের তারিখ(সমূহ):___/___/___ থেকে ___/___/___

ট্রিপ সমন্বয়কারী বা কোঅর্ডিনেটর:______________________________

গন্তব্যস্থান:______________________________

প্রস্থানের সাইট: ______________ প্রস্থানের সময়: ______________

ফিরে আসার সাইট:______________ ফিরে আসার সময়:______________

পরিবহনের ধরন: ______________ পরিবহন বা ক্যারিয়ারের নাম:______________

হোটেলের নাম এবং টেলিফোন নম্বর (একাধিক স্থানের ক্ষেত্রে ভ্রমণসূচি সংযুক্ত করুন)______________

সফর অথবা ট্রিপের উদ্দেশ্য:______________________________

____

এই সফরের জন্য আবশ্যক নির্দিষ্ট পোশাক/সরঞ্জাম: ______________________________

এই ট্রিপে এখানে উল্লিখিত শারীরিক ও ক্রীড়া কর্মকাণ্ড অন্তর্ভুক্ত রয়েছে (যেমন সাঁতার, ঘোড়ায় চড়া, আইস স্কেটিং স্কিয়িং, বোটিং, ইত্যাদি)।____

____

____

____

a) আমি বুঝেছি যে, উপরোক্ত খেলাধুলা এবং শারীরিক কার্যকলাপ থেকে আঘাত পাবার ঝুঁকি আছে এবং আমি আমার সন্তানকে নিম্নলিখিত কার্যকলাপ ব্যতীত উপরের বাকি সবগুলোতে অংশগ্রহণ করার সম্মতি দিচ্ছি:

____

____

____

b) আপনার সন্তানের ঔষধ এবং বিশেষ খাদ্যের চাহিদাসহ, যেকোনো স্থায়ী অথবা অস্থায়ী চিকিৎসাগত বা অন্য কোনো অবস্থা (কনডিশন), অথবা দৃষ্টি বা শ্রবণ সংক্রান্ত সরঞ্জামের চাহিদা সম্পর্কে আমাদের জানা প্রয়োজন, সেগুলো অনুগ্রহ করে উল্লেখ করুন।

____

____

____

c) আমি সম্মত আছি, আঘাত প্রাপ্তি অথবা অসুস্থতা জনিত জরুরি কোনও ঘটনায়, সফরের দায়িত্বে থাকা কোনও কর্মী সদস্য(গণ) আমার পক্ষাবলম্বন করে এবং আমার সন্তানের স্বাস্থ্য চিকিৎসা দিতে আমার নিজস্ব খরচে যেকোনো ব্যবস্থা নিতে পারবে।

d) আমার সন্তানকে উপরের প্রস্থানের সাইট এবং ট্রিপ থেকে ফেরার সাইটে আনা-নেয়ার দায়িত্ব আমার। আমি জানি যে ট্রিপে, যার মধ্যে অন্তর্ভুক্ত যাত্রা শুরুর সাইট থেকে গন্তব্যস্থল, এবং গন্তব্যস্থল থেকে ফিরে আসার সাইট, কর্মী সদস্যগণ আমার সন্তানের সাথে থাকবেন।

e) আমি বুঝি যে প্রয়োজন বোধে স্কুল ভ্রমণ, সুযোগ সুবিধা এবং অন্যান্য ব্যবস্থা পরিবর্তন করা স্কুলের এক্তিয়ারের মধ্যে। এই ধরণের কোনও পরিবর্তন হলে আমাকে যত তাড়াতাড়ি সম্ভব জানানো হবে।

f) আমি বুঝি যে স্কুল ভ্রমণ এবং সুযোগ সুবিধার জন্য যে কমার্শিয়াল এয়ারলাইন, ট্রেন, রেস্টোরান্ট, হোটেল এবং অন্যান্য পরিষেবা স্কুলের নিয়ন্ত্রণে নেই। অতএব স্কুল এই কমার্শিয়াল পরিষেবাগুলোর ব্যবস্থাপনার জন্য, যার মধ্যে আছে কিন্তু এতেই সীমাবদ্ধ নয়, লাগেজ হারিয়ে যাওয়া, কক্ষ সন্তোষজনক না হওয়া, এবং অর্থ ফেরতের (রিফান্ড) জন্য দায়বদ্ধ নয়।

g) আমি জানি আমার সন্তানকে দায়িত্বশীল আচরণ করতে এবং স্কুলের শৃঙ্খলা বিধি এবং নীতি মেনে চলতে হবে।

h) আমি একমত এবং বুঝেছি যে আমি আমার সন্তানের কার্যকলাপের জন্য দায়ী। আমি এই সফরের সাথে সম্পর্কিত সকল দাবি এবং দায়িত্ব থেকে, যদি তা স্কুল কর্তৃপক্ষের অবহেলাজনিত না হয়, স্কুলকে দায়মুক্তি প্রদান করছি।

i) আমি জানি, যেসকল শিক্ষার্থী স্কুলের শৃঙ্খলা বিধির লংঘন করে তাদেরকে ট্রিপে অংশগ্রহণ করা থেকে বাদ দেয়া হতে পারে। অতিরিক্তভাবে, আমি বুঝি যে ট্রিপে থাকাকালীন সময় গুরুতর অথবা নিয়ম ভঙ্গের অভিযোগ আসলে, স্কুল আমার সন্তানকে প্রোগ্রাম থেকে বাড়ি পাঠিয়ে দেয়ার অধিকার রাখে, যা আমাকে জানানো হবে। আমি বুঝি যে যদি আমার সন্তানকে আগে বাড়ি পাঠিয়ে দেয়া হয়, তাহলে এর জন্য যে খরচ হবে তা আমাকে বহন করতে হবে, উদাহরণ স্বরুপ আর্লি ডিপার্চার এবং ট্রিপের জন্যে স্কুলে যে অর্থ প্রদান করেছি তা ফেরত দেয়া হবে না।

j) জরুরি পরিস্থিতিতে আমার সাথে যোগাযোগ করা যাবে: দিন: (______) ____________________ সন্ধ্যা: (______) __________________

অতিরিক্ত যোগাযোগের তথ্য: নাম:____________________________ দিন: (_____)______________________________________
সন্ধ্যা: (____) ____

k) আমি আমার সন্তানকে উপরে বর্ণিত আন্তর্জাতিক স্কুল সফরে বা ট্রিপে অংশগ্রহণের অনুমতি দিচ্ছি।

____ ________________________
(পিতামাতা/অভিভাবকের স্বাক্ষর) (তারিখ)

শিক্ষার্থীর বিবৃতি

(মিডল স্কুল ও হাই স্কুলের শিক্ষার্থীরা স্বাক্ষর করবে)

আমি ফর্মটি পড়েছি এবং বুঝেছি যে স্কুলে আমার কাছে যেমন আচরণ প্রত্যাশা করা হয়, এই সফরে আমাকে তেমনি দায়িত্বশীল আচরণ করতে হবে। আন্তর্জাতিক প্রোগ্রামসমূহের জন্য স্কুল এবং ডিপার্টমেন্ট অভ এডুকেশন যেসব নীতি ও প্রবিধান ধার্য করেছে তা আমি মেনে নিচ্ছি। আমি ভিন্ দেশের নীতি ও প্রবিধান মেনে চলবো। স্কুল কর্তৃক বেছে নেয়া ভ্রমণ অবস্থাগুলো মেনে নিতে আমি সম্মত। আমি স্কুল ও ডিপার্টমেন্ট অভ এডুকেশন কর্তৃক প্রদানকৃত প্রি-ওরিয়েন্টেশন এবং পোস্ট-ওরিয়েন্টেশনে অংশগ্রহণ করবো। আমি বুঝেছি যে, যেকোনো প্রকার অ্যালকোহলযুক্ত পানীয় এবং/অথবা অবৈধ মাদক কঠোরভাবে নিষিদ্ধ এবং বুঝেছি যে, যদি আমি এধরণের দ্রব্য বহন করি অথবা দ্রব্য সেবন করি, তবে আমাকে স্কুলের শাস্তিবিধান প্রক্রিয়ার অধীনে আনা হবে এবং সম্ভাব্য অপরাধী হিসেবেও বিচার করা হতে পারে।

____ ________________________
(শিক্ষার্থীর স্বাক্ষর) (তারিখ)

ভ্রমণ সংক্রান্ত পরামর্শ এবং সতর্কতাসমূহ বিষয়ক তথ্য www.cdc.gov এবং www.travel.state.gov সাইটে পাওয়া যাবে।